

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

নথি নম্বর : ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১১.১৪-

১০৭২

তারিখঃ ২৪/০৭/২০১৯ খ্রীঃ

প্রাপক.

উপপরিচালক

কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন,

সাভার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।


বিষয় : গাভীর উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে জিন হায়ারিং প্রক্রিয়ার অংশ হিসেবে বিদেশ হতে উচ্চ গুণাগুণ সম্পন্ন ফ্রিজিয়ান ও শাহীওয়াল এবং গবেষণার জন্য গীর জাতের ষাড়েঁর হিমায়িত সিমেন আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : ডিডি, এ/আই ও এফপি, সাভার, ডিএলএস, ঢাকার ১৪/৭/২০১৯ খ্রীঃ তারিখের ১৪৪৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের দুগ্ধ উৎপাদন বৃদ্ধির স্বার্থে গাভীর উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে জিন হায়ারিং প্রক্রিয়ার অংশ হিসেবে চলতি অর্থ বছরের রাজস্ব বাজেটের বরাদ্দ হতে আমদানি নীতি আদেশের অনুচ্ছেদ ২৬(৪১) ও National Livestock Policy-2007, পশুরোগ আইন-২০০৫ এবং বিধিমালা-২০০৮, বিদ্যমান Breeding Policy এবং কোয়ারেন্টাইন আইন-২০০৫ এর শর্তাবলী এবং প্রচলিত অন্যান্য বিধি বিধান অনুসরণপূর্বক বিদেশ থেকে (আমেরিকা/জার্মানী/কানাডা/ভারত অথবা অন্য কোন উন্নত দেশ) নিম্নোক্ত সারণী-১ এ বর্ণিত ০৩ টি জাতের ২০, ১০০ (বিশ হাজার একশত) ডোজ উচ্চ গুণাগুণ সম্পন্ন ফ্রিজিয়ান ও শাহীওয়াল এবং গবেষণার জন্য গীর জাতের ষাড়েঁর হিমায়িত সিমেন আমদানির অনুমতি প্রদান করা হলোঃ

সারণী-১

ক্রমিক নং	জাতের নাম	মাত্রা
১	ফ্রিজিয়ান	১০,০০০ মাত্রা
২	শাহীওয়াল	১০,০০০ মাত্রা
৩	গীর	১০০ মাত্রা
সর্বমোট :		২০,১০০ মাত্রা

  
(ডাঃ হীমেশ রঞ্জন ভৌমিক)  
মহাপরিচালক (চ.দা)  
প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

৩। কোয়ারেন্টাইন অফিসার, লাইভস্টক কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

৪। আইসিটি অফিসার, আইসিটি শাখা, ডিএলএস, ঢাকা (ডিএলএস-এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৫। অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।